

## ୧ମ ପାଠ

ଇଶ୍ଵର ତୋମାକେ ଜାନେନ ଓ  
ଭାଲବାସେନ।

ଇଶ୍ଵର ସମ୍ବନ୍ଧେ ଏହି ବିଷୟଗୁଲି ଶେଖ—

ଇଶ୍ଵର ସମ୍ବନ୍ଧେ ଯେ ବହିଟି ଆଛେ ତା ହଲୋ ‘ପବିତ୍ର ବାଇବେଳ’।  
ଇଶ୍ଵର ଏତେ ତାର ନିଜେର ସତ୍ୟ ସମ୍ପର୍କେ ତୋମାଦେର କାହେ ପ୍ରକାଶ  
କରେ ଥାକେନ। ଇଶ୍ଵର ସର୍ବଦା ଆଛେନ ଓ ସର୍ବଦା ଥାକବେନ। ଇଶ୍ଵର  
ସବକିଛୁ କରତେ ପାରେନ। ତିନି ଏହି ଜଗତ ସୃଷ୍ଟି କରେଛେନ।  
ଇଶ୍ଵର ସବ ଜୀବଗାୟ ଆଛେନ ଏବଂ ସବ କିଛୁ ଜାନେନ। ଇଶ୍ଵର  
ତୋମାଦେର ସୃଷ୍ଟି କରେଛେନ। ତିନି ତୋମାଦେର ଜାନେନ ଓ  
ଭାଲବାସେନ। ଇଶ୍ଵର ମହାନ। ସଥିନ ଥେକେ ତୋମରା ତାକେ ଜାନବେ,  
ତଥିନ ଥେକେଇ ତାକେ ଭାଲବାସବେ।



ଏହି କଥାଗୁଲି ବାଇବେଲେର କଥା। ଏଗୁଲୋ ୫  
ବାର କରେ ଜୋରେ ପଡ଼। “ଇଶ୍ଵର ପ୍ରେସ”  
ଆମରା ତାକେ ଭାଲବାସି କାରଣ ପ୍ରଥମେ ତିନି  
ଆମାଦେର ଭାଲବାସଲେନ।

୧ମ ଯୋହନ ୪ : ୧୬,୧୯.

ଏଟା କି କରତେ ପାର?

ପ୍ରତୋକ ଉତ୍ସରେର ମାଝେ ଯେ ଶବ୍ଦଟି ବାଦ ଗେଛେ ତା’ ପୂରଣ କର।

୧। ଆମରା ଇଶ୍ଵରକେ କେନ ଭାଲବାସି?

କାରଣ ତିନି ପ୍ରଥ.....ଆମା.....ଭାଲବାସଲେନ।

୨। କୋନ୍ ବିତେ ଇଶ୍ଵରରେ ସତ୍ୟ ସମ୍ବନ୍ଧେ ଜାନା ଯାଯ?

ପବିତ୍ର ବା.....।

## সঠিক উত্তর-

১। প্রথমে ভালবাসলেন ২। বাইবেল।

তুমি কি শূন্যস্থানে এই শব্দগুলো পূরণ করেছ?

ঈশ্বর কেমন তা বাইবেল থেকে জানা যায়।


প্রতোক শব্দের নীচে ● বিন্দু থেকে বিন্দু পর্যন্ত ● এইভাবে একটা  
লাইন টানো

● “ঈশ্বর সব সময় ছিলেন এবং সব সময় থাকবেন।” ●

● জগৎ সৃষ্টির পূর্বে, আকাশ, মেঘমালা

সৃষ্টির পূর্বে, চাঁদ, সূর্য তারা,

সৃষ্টির পূর্বেও ঈশ্বর ছিলেন। ●



“ঈশ্বর যা” চান তাই করতে পারেন।

তিনি এই জগৎ সৃষ্টি করেছেন।

ঈশ্বর পাহাড় পর্বত সৃষ্টি করেছেন।

তিনি নদী এবং হৃদ সৃষ্টি করেছেন,

তিনি গাছ পালা সৃষ্টি করেছেন।

তিনি পশুপাখী, মানুষ সৃষ্টি করেছেন,

● ঈশ্বর তোমাকে সৃষ্টি করেছেন। ●



বাইবেল বলে ঈশ্বর সব জায়গায় আছেন।  
 ঈশ্বর তোমাদের চারপাশে আছেন  
 যেমন চারদিকের বাতাস যার ম্বারা  
 তোমরা নিঃশ্বাস নাও, বাতাস যেমন  
 তোমরা দেখতে পারনা তেমন ভাবে  
 তোমাদের ঈশ্বরকেও তোমরা দেখতে  
 পার না। কিন্তু ঈশ্বর তোমাদের  
 দেখতে পারেন। তিনি তোমাদের কথা  
 শুনতে পারেন। তোমাদের সঙ্গে কথা  
 বলতে পারেন। তিনি তোমাকেও  
 জানেন ও ভালবাসেন।



বাইবেল বলে ঈশ্বর সব কিছু জানেন।  
 তোমরা যা কর ঈশ্বর সব দেখেন।  
 তোমরা যা বল ঈশ্বর সব শোনেন।  
 ● তুমি কি ভাবো ও অনুভব করো ঈশ্বর তাও  
 জানেন। ●  
 সর্ব বিষয়ের সত্যতা সম্বন্ধে তিনি জানেন।  
 বাইবেলের সত্য সম্পর্কে ঈশ্বর তোমাদের বলেন।



কেউবা খাটো, কেউবা মোটা  
 কেউবা লম্বা, কেউবা পাতলা  
 কিন্তু এতে কিছু আসে যায় না  
 ● যে যে রকম হোক না কেন, ঈশ্বর তাকে  
 সেই ভাবেই ভালবাসেন। ●



ঈশ্বর তোমাকে ভালবাসেন  
 ঠিক যেমনি ভাবে তিনি  
 তোমাকে সৃষ্টি করেছেন।  
 কারও চুল তামাটে, কারও চুল  
 কোকড়ানো। কারও বা সোজা।



শুন্যস্থানে তোমার নাম লিখ—  
 ঈশ্বর প্রেম করেন ...



বাইবেল বলে ঈশ্বর মঙ্গলময়।  
ঈশ্বর তোমাদের সাহায্য করতে চান।  
ঈশ্বর চান যেন তোমরা ভাল হও। তিনি তোমাদের  
সুখী জ্ঞানী ও সবল করতে চান।  
● ঈশ্বর চান যেন তোমরা উত্তম ও অন্যের উপযোগী  
হও। ●

ঈশ্বরকে যখনই জানবে তখনই তাকে ভালবাসবে।

ঈশ্বর চান তোমরা যেন তাকে ভালবাস যেমন তিনি তোমাদের  
ভালবাসেন।

● এই পাঠগুলো তোমাদের সাহায্য করবে ঈশ্বরকে জানতে ও তাকে  
ভালবাসতে। ●

তুমি কি ঈশ্বরকে জানতে চাও? .....

তুমি কি ভাল ও সুখী হতে চাও? .....

তুমি কি জ্ঞানী ও সবল হতে চাও? .....

তুমি কি উত্তমরূপে অন্যের উপযোগী হতে চাও? .....

● তুমি ঈশ্বরের সংগে কথা বলতে পার। ●

তুমি যেখানে আছো ঈশ্বর ঠিক সেখানে আছেন এবং তোমার কথা  
শোনেন।

ঈশ্বরের সংগে কথা বলাই প্রার্থনা  
এই প্রার্থনাটি শেখ এবং ঈশ্বরের কাছে বলো।

### প্রার্থনা

প্রভু আমি তোমাকে জানতে চাই এবং তোমাকে  
ভালবাসতে চাই, যেমন তুমি আমাকে ভালবাস।  
তাই দয়া করে এই পাঠগুলো শিখতে আমাকে  
সাহায্য কর এবং আমার ধা করা উচিং তা  
আমাকে বলে দাও।



এখন তুমি এই পাঠের ছাত্র রেকর্ড হাতে নেও এবং এতে  
ধা করতে বলা হয়েছে তাই কর।